

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৫৮৮

আগরতলা, ২৪ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ২৩ অক্টোবর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘ডেঙ্গু আক্রান্ত ধলাই জেলা হুঁশ নেই স্বাস্থ্য দপ্তরের’ শিরোনামে প্রকাশিত সংবাদটি জাতীয় স্বাস্থ্য মিশন-ত্রিপুরা এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, সংবাদটি সঠিক নয়। প্রকৃত তথ্য হল ধলাই জেলা হাসপাতালে ডেঙ্গু এমএস ওয়ান কিটে দুজন রোগীকে শনাক্ত করা হয়, যাদের মধ্যে একজন গন্ডাছড়ার বাসিন্দা এবং অপরজন আমবাসার বাসিন্দা। তাছাড়া আরও দুজন প্রাইভেট ল্যাবরেটরিতে গিয়ে টেস্ট করায় এবং তাদের ডেঙ্গু রোগ শনাক্ত হয়। তারা নিজেরাই হাঁপানিয়াস্থিত ত্রিপুরা মেডিক্যাল কলেজ অ্যান্ড ড. বি আর আশ্বেদকর টিচিং হাসপাতালে ভর্তি হন। এদিকে মশা নিয়ন্ত্রণের জন্য কর্মসূচিগুলি ধলাই জেলাতেও আরও শক্তিশালী করা হয়েছে। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ফগিং, লার্ভিসাইড স্প্রে, লার্ভা ভক্ষণকারী মাছ ছাড়া সহ বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে। সেই সঙ্গে সচেতনতামূলক কর্মসূচিও চলছে। ডেঙ্গুজনিত যেকোনও পরিস্থিতির মোকাবিলার জন্য ধলাই জেলায় সম্পূর্ণ প্রস্তুতি নেওয়া হয়েছে।
